

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) ফল সেমিস্টার ২০২২-এর শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি রাজধানীতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে প্রধান অতিথি ছিলেন ডুন অ্যান্ড ব্র্যাডস্ট্রিট ডেটা অ্যান্ড অ্যানালাইসিস প্রাইভেট লিমিটেডের সিইও জারা মাহুব। ইউল্যাবের উপাচার্য অধ্যাপক ইমরান রহমান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন।

নিজের জীবনে যে প্রতিকূলতার মুখোমুখি হয়েছিলেন, তা কীভাবে মোকাবিলা করেছিলেন, সে বিষয়ে কথা বলেন জারা মাহুব।  
প্রতিবন্ধকতা থেকে কী শিক্ষা পেয়েছিলেন, সে বিষয়েও আলোকপাত করেন তিনি।

